



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক



সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।  
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী  
ঋণ ও অগ্রিম বিভাগ-২

ফোন: ০২৪৭-৮৬০৫২৯  
Email: dgmlad2@rakub.org.bd  
Web : www.rakub.org.bd

প্রকা/ঋওঅবি-২ সার্কুলার নং-০১/২০২২

তারিখ : ০৭.০৮.২০২২

সকল জোনাল ব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়  
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি (Agricultural and Rural Credit Policy and Program for the Fiscal Year 2022-2023) প্রসংগে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।


০২। কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ২৮ জুলাই, ২০২২ তারিখে এসিডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি জারি করে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০৩। বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারে বর্ণিত নীতিমালা ও ঋণ নিয়মাচারসহ এ ব্যাংকের প্রচলিত ঋণ নিয়মাচার যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ কার্যক্রম পরিচালনার জন্য রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ওয়েবসাইটে সার্কুলারটি আপলোড করা হয়েছে।

০৪। বিশেষভাবে উল্লেখ্য, নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ও আন্তর্জাতিক পর্যায়ে চলমান পরিস্থিতির প্রেক্ষিতে বর্তমানে বিশ্বব্যাপি চলমান অর্থনৈতিক মন্দা মোকাবেলায় দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ কার্যক্রমকে সর্বোচ্চ গুরুত্বারোপ করতে হবে। একইসাথে পরিবেশবান্ধব ও নারী উদ্যোক্তা খাত, আমদানি বিকল্প ৪% ডাল, তৈলবীজ, ভুট্টা ও মসলা জাতীয় ফসল এবং আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০/- টাকার হিসাবধারীদের অনুকূলে ঋণ প্রদানের উপর বিশেষ গুরুত্ব দিতে হবে।

০৫। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত

  
০৭.০৮.২০২২

(শওকত শহীদুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

(অতিরিক্ত দায়িত্বে)

প্রকা/ঋওঅবি-২/৩৯/২০২২-২০২৩/৬৯(৪০০)/৩৭

তারিখ : এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপমহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-কে সার্কুলারটি রাকাবের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/ রংপুর।
- ০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ০৯। উপমহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ১০। উপমহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১১। জনসংযোগ কর্মকর্তা, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। অফিস নথি/মহানথি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

মহাব্যবস্থাপক, কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

(মোঃ দেলোয়ার জাহিদ)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা